# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬৫৯

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ সূরা ফাতিহার শেষে ‘আমীন’ বলার মাহাত্ম্য

## আরবী

إِذَا أَمَّنَ الإِمَامُ فَأَمِّنُوا فَإِنَّهُ مَنْ وَافَقَ تَأْمِينُهُ تَأْمِينَ الْمَلاَئِكَةِ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ
عَنْ أَبِىْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللهِ ﷺ إِذَا قَالَ أَحَدُكُمْ آمِينَ وَالْمَلاَئِكَةُ فِى السَّمَاءِ آمِينَ فَوَافَقَتْ إِحْدَاهُمَا الأُخْرَى غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ

## বাংলা

(৬৫৯) উক্ত সাহাবী (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ইমাম যখন গাইরিল মাগযবূবি আলাইহিম অলায অলায যা্ল্লীন’ বলবে, তখন তোমরা ’আমীন’ বল। কারণ, ফিরিশতাবর্গ ’আমীন’ বলে থাকেন। আর ইমামও ’আমীন’ বলে। (অন্য এক বর্ণনা মতে) ইমাম যখন ’আমীন’ বলবে, তখন তোমরাও ’আমীন’ বল। কারণ, যার ’আমীন’ বলা ফিরিশতাবর্গের ’আমীন’ বলার সাথে সাথে হয়, (অন্য এক বর্ণনায়) তোমাদের কেউ যখন নামাযে ’আমীন’ বলে এবং ফিরিশতাবর্গ আকাশে ’আমীন’ বলেন, আর পরস্পরের ’আমীন’ বলা একই সাথে হয়, তখন তার পূর্বেকার পাপরাশি মাফ করে দেওয়া হয়।

## ফুটনোট

(বুখারী ৭৮০-৭৮২, ৪৪৭৫, ৬৪০২, মুসলিম ৯৪২, ৯৪৪-৯৪৫, আবূ দাঊদ ৯৩২-৯৩৩, ৯৩৫-৯৩৬, নাসাঈ, দারেমী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন